



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

বঙ্গবন্ধু আন্তঃব্যাচ শর্ট ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান



১৫ মার্চ ২০২০-রবিবার রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তঃব্যাচ শর্ট ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবন চত্বরে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. আনোয়ারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দল এবং রানার্স আপ দলকে পুরস্কার বিতরণ করা হয়। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থী উপস্থিত ছিলেন।